


স্মারক নং-৪৬.০৩.২৬০০.০০৫.০৭.০৪৮.১৩-১২৯১

তারিখঃ ৩০/০৯/২০২৪ খ্রিঃ।

ঠিকাদারী লাইসেন্স নবায়ন/ তালিকাভুক্তির আবেদনের সময় সীমা বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

অত্র কার্যালয় কর্তৃক ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির আবেদন পূর্ববর্তী সময়ে ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হতো বিধায় কিছু ঠিকাদারী প্রতিষ্ঠান অনলাইনে অভ্যাস না হওয়ায় নবায়ন/তালিকাভুক্তির আবেদন জমা প্রদানে সমস্যার সম্মুখীন হন। এছাড়াও সাম্প্রতিক সময়ে বিদ্যুৎ বিড্রাট ও অনলাইন নেটওয়ার্ক সমস্যায় ব্যাংকে সার্ভার জটিলতার কারণে “এ-চালান” এর মাধ্যমে আবেদন ফি ও ভ্যাট ফি প্রদানে সমস্যা হচ্ছে। এসকল সমস্যাটি উল্লেখ করে কিছু ঠিকাদারী প্রতিষ্ঠান অনলাইনে নবায়ন/তালিকাভুক্তির আবেদন জমা প্রদানের সময়সীমা বর্ধনের জন্য অত্র কার্যালয়কে অনুরোধ করেন।

এমতাবস্থায়, উল্লেখিত বিষয়টি বিবেচনা করে এতদ্বারা অত্র কার্যালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং-০১(২০২৪-২০২৫) স্মারক নং-১১৩২; ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখ মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেলাধীন ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ঠিকাদারী লাইসেন্স নবায়ন/তালিকাভুক্তির আবেদনের অন্যান্য সকল শর্তাদি অপরিবর্তিত রেখে অনলাইনে জমা প্রদানের সময় সীমা আগামী ১০/১০/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত বর্ধিত করা হলো।


(মোহাম্মদ রওশন আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/ পরিকল্পনা/ পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,সার্কেল।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিভাগ/ জেলা।
- ৫। প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিকল্পনা সার্কেল, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরীয় ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৬। অফিস নথি